

**AKASHVANI (AIR)  
RNU : KOLKATA  
Bengali Text Bulletin**

**Date 04-01-2025**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) নদীয়ার শান্তিপুরের ফুলিয়ায় আজ ইন্ডিয়ান ইনসিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজির নিজস্ব ক্যাম্পাসের উদ্বোধন করবেন কেন্দ্রীয় বন্দৃ মন্ত্রী গিরিরাজ সিং।

কেন্দ্রের বিভিন্ন উদ্যোগ রাজনীতির উদ্বৰ্দ্ধে উঠে সাধারণ মানুষের কাছে পৌঁছ দিতে তিনি মুখ্যমন্ত্রীর প্রতি আবেদন জানান।

২) রাজ্যের দক্ষিণবঙ্গের জেলা হগলী থেকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ২ হাজার ২৬০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে।

৩) মালদায় তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকার খুনের ঘটনায় ধৃত চারজনকে ১৪ দিনের পুলিশী হেফাজতে পাঠানো হয়েছে।

৪) জনবসতি এলাকায় হাতির হানা আটকাতে রাজ্য সরকার তাদের চলাচলের পথ পরিখা দিয়ে ঘিরে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৫) কাঁচামালের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রেক্ষিতে আগামীকাল থেকে পাউরুটির দাম বাড়ছে।

৬) কলকাতার পার্ক সার্কাস ময়দানে শুরু হয়েছে মিলন উৎসব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার শান্তিপুরের ফুলিয়ায় আজ ইন্ডিয়ান ইনসিটিউট অফ হান্ডলুম টেকনোলজির নিজস্ব ক্যাম্পাসের উদ্বোধন করবেন কেন্দ্রীয় বন্দৰ মন্ত্রী গিরিরাজ সিং।

২০১৫ সাল থেকে এটি চালু হওয়ার পর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে তার ক্লাস চলতো। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় প্রায় ৪০ কোটি টাকা ব্যয়ে নতুন ক্যাম্পাস নির্মাণ করা হয়েছে। তৈরি হয়েছে স্মার্ট ক্লাসরুম, ছেলে ও মেয়েদের পৃথক হোস্টেল, কনফারেন্স রুম, অত্যাধুনিক ল্যাবরেটরি, প্রশাসনিক ভবন ইত্যাদি। এখানে হান্ডলুম এন্ড টেক্সটাইল টেকনোলজি বিষয়ে তিনি বছরের ডিপ্লোমা কোর্স করানো হয়। ছাত্র ছাত্রীরা মাসিক আড়াই হাজার টাকা করে বৃত্তি পেয়ে থাকে।

পশ্চিমবঙ্গ ছাড়াও বিহার, ঝাড়খন্দ সিকিম এর শিক্ষার্থীরা এখানে ভর্তি সুযোগ পাবে বলে জানা গেছে।

এদিকে, কেন্দ্র ২০৩০ সালের মধ্যে বন্দরশিল্পজাত পণ্যের চাহিদা ৩০০ বিলিয়ন ডলার করার লক্ষ্যমাত্রা নিয়েছে কেন্দ্রীয় বন্দৰমন্ত্রী জানিয়েছেন।

তিনি গতকাল কলকাতায় আই সি এ আর, ন্যাশনাল ইনসিটিউট অফ ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ৮৭-তম প্রতিষ্ঠা দিবসে বলেন, বর্তমানে বন্দরশিল্পে ১৭৬-বিলিয়ন ডলারের চাহিদা রয়েছে। লক্ষ্য পূরণে পাট শিল্পে বিশেষ অবদানের কথা উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী এই কাজে প্রাকৃতিক তন্ত্রের উৎপাদন বৃদ্ধি ও চট কলগুলিকে সক্রিয় ভূমিকা গ্রহণের আবেদন জানান। তার অভিযোগ, পাট শিল্পের অগ্রগতিতে রাজ্য সরকার সহযোগিতা করছে না। কেন্দ্রের বিরোধিতা করে কৃষকদের প্রতি অবিচার করা উচিত নয় বলে তিনি দাবি করেন। পাট শিল্পের অগ্রগতিতে কেন্দ্রীয় সরকার যে সব উদ্যোগ নিয়েছে, কৃষক ও শ্রমিকদের স্বার্থে রাজনীতির উর্ধ্বে উঠে সেইগুলি প্রত্যেকের কাছে পৌঁছে দিতে শ্রী সিং মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান।

(বাইট - গিরিরাজ)

এর আগে গিরিরাজ সিং উত্তর ২৪ পরগনার সোদপুরে এক বেসরকারি সংস্থায় কেন্দ্রের অধিনস্ত সংস্থা নিনফেটর প্রযুক্তি দিয়ে তৈরি প্রাকৃতিক তন্ত্র উৎপাদনের তিনটি যন্ত্রের উদ্বোধন করেন। ঐ সংস্থাটি ঘুরে দেখার পাশাপাশি তিনি একাধিক জুটমিল মালিকের সঙ্গে কথা বলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের দক্ষিণবঙ্গের জেলা হুগলি থেকে ক্ষুদ্র, মাঝারি ও ছোট শিল্পে দুই হাজার ২৬০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। চুঁচড়া রবীন্দ্রভবনে আয়োজিত সিনারজি কনক্লেভে উপস্থিত জেলার প্রায় পাঁচশো জন শিল্পদ্যোগী গতকাল এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে। এই জেলায় শিল্পের উন্নয়নে গত এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন শিল্প উদ্যোগীকে তিন হাজার ২৮৪ কোটি টাকা ব্যাংক খণ্ড দেওয়া হয়েছে। এছাড়াও বাংলাত্রী প্রকল্পে ১৪টি ইউনিটকে ১ কোটি ৮৮ লক্ষ টাকা ভর্তুকি দেওয়া হয়েছে বলে নবান্ন থেকে জারি করা এক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে। গত মাস পর্যন্ত এই জেলায় থাকা প্রায় ৮০ হাজার ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পে কর্মসংস্থান হয়েছে ৪ লক্ষ ৬০ হাজার মানুষের।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদায় তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকার খুনের ঘটনায় ধৃত চারজনকে ১৪ দিনের পুলিশী হেফাজতে পাঠানো হয়েছে। তাদের গতকাল আদালতে তোলা হলে বিচারক এই নির্দেশ দেন। এরা ইংরেজবাজার ও বিহারের কাটিহারের বাসিন্দা বলে পুলিশ সূত্রে জানা গেছে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে আন্দেয়ান্ত্রণ।

এদিকে, ইংরেজবাজারের সাদুল্লাপুর মহাশাশানে গতকাল দুলাল সরকার ওরফে বাবলার শেষকৃত্য সম্পন্ন হয়।

এর আগে তৃণমূলের জেলা কার্যালয়ে তার মরদেহে শেষ শ্রদ্ধা জানান মন্ত্রী ফিরহাদ হাকিম, শিলিঙ্গড়ির মেয়র গৌতম দেব, ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান

কৃষ্ণনুনারায়ণ চৌধুরী, মন্ত্রী সাবিনা ইয়াসমিন, সাংসদ মৌসম বেনজির নূর সহ অন্যান্য দলেরও বিভিন্ন নেতৃত্বে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদ পৌরসভার ৮ নং ওয়ার্ডের নাকুড়তলায় বোমা বাঁধতে গিয়ে ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় আহত ফরিদ শেখ তৃণমূল কংগ্রেস কর্মী বলে বিজেপি অভিযোগ করেছে। মুর্শিদাবাদের বিজেপি বিধায়ক গৌরিশঙ্কর ঘোষ, পৌরোপিতা ইন্ডিজিত ধর সহ তৃণমূল নেতৃত্বের সঙ্গে তাঁর ভিডিও তুলে ধরে এই অভিযোগ করেন। তার দাবি ওই বিধানসভা এবং ওয়ার্ড বিজেপি-র সাংগঠনিক শক্তি বেশী থাকায় দলের নেতা-কর্মীদের টার্গেট করা হচ্ছে। তাই সেখানে বোমা মজুত করা হচ্ছিল।

বিধায়কের নেতৃত্বে লালবাগে গতকাল পথ অবরোধ করে বিস্ফোরণ দেখান বিজেপি নেতা কর্মীরা।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও এই ঘটনায় ক্ষেত্র প্রকাশ করে ট্র্যাইট করেছেন।

উল্লেখ্য, গতকাল ফরিদ শেখের বাড়িতে তীব্র বিস্ফোরণে টালির চাল উড়ে যায়। গুরুতর জখম ফরিদ মুর্শিদাবাদ মেডিকেল কলেজে চিকিৎসাধীন।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ চৰিশ পরগনার বকুলতলা থানার হানারবাটি গ্রামে জমি সংক্রান্ত বিবাদকে কেন্দ্র করে বোমা বাজির অভিযোগ উঠেছে। বাড়ির একানশ এবং খড়ের গাদায় আগুন ধরিয়ে দেওয়া হয়। ঘটনাস্থল থেকে উদ্বার হয়েছে তাজা বোমা।

নূর মোহাম্মদ শেখের সঙ্গে প্রতিবেশী বাসার শেখের জমি বিবাদ দীর্ঘ দিনের। গতকাল হঠাৎ করেই ৪০ / ৫০ জন হামলা চালায় বলে অভিযোগ। বাড়ি ভাঙ্চুর, বোমাবাজি, বাড়িতে লুটের অভিযোগ খতিয়ে দেখতে বকুলতলা থানার পুলিশ ঘটনাস্থলে যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ডাকাতির অভিযোগে দুবরাজপুর থানার পুলিশ মাজুরিয়া জঙ্গলের রাস্তা থেকে ২ জনকে গ্রেফতার করেছে। ধৃতদের মধ্যে নিশিকান্ত গোপ, বাড়খন্ডের বাগডহরি থানার মুরা বেড়িয়া গ্রামের বাসিন্দা, অপর ধৃত গৌতম মন্ডলের বাড়ি দুবরাজপুরের খয়েরবন গ্রামে। এদের কাছ থেকে উদ্বার হয়েছে ৩-টি মোবাইল ফোন। ধৃতদের গতকাল দুবরাজপুর আদালতে তোলা হলে ১৫-ই জানুয়ারী পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়। পুলিশ জানিয়েছে, সম্প্রতি দুবরাজপুরের পন্ডিতপুর পেট্রল পাম্পের কাছ থেকে ডাকাতির অভিযোগে তিনজনকে গ্রেফতার করা হয়। তাদের জিঞ্জাসাবাদ করেই এই দু-জনের হাদিশ মেলে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের জামুড়িয়ার কুনুম্তরিয়া এলাকায় সিয়ারশোল খোলামুখ খনির পাশে একটি অবৈধ পরিতক্ত খনির গহরে পড়ে ভীষ্ম রায় নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। রানিগঞ্জের মহাবীর কোলিয়ারির বাসিন্দা ভীষ্ম গতকাল খনি গহরে পড়ে যান। রানিগঞ্জ ও জামুড়িয়া থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে তার সন্ধ্যানে তল্লাশি শুরু করে। কাজে লাগানো হয় উদ্বারকারী দলকেও। পরিতক্ত খাদিতিতে বিষাঘক গ্যাসের আশঙ্কার প্রেক্ষিতে উদ্বার কাজ কিছুটা ব্যাহত হয়। অনেক তল্লাশির পর সন্ধ্যায় উদ্বার হয় তাঁর দেহ।

এদিকে, ইসিএল-এর পান্তবেশ্বর খোটাড়িহি কোলিয়ারীর দু-নম্বর পিটে গতকাল কনভেয়ার ব্লেটে পড়ে গিয়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। মৃত মহিমারঞ্জন রজক জামুড়িয়ার শিবপুরের বাসিন্দা। স্বপরিবারে তিনি কোলিয়ারির আবাসনে থাকতেন। কাজ করার সময় অসাবধানতাবশত কনভেয়ার ব্লেটে পড়ে জড়িয়ে গেলে এই দুর্ঘটনা ঘটে।

এদিকে, দুর্ঘটনার খবরে অন্য শ্রমিকরা কোলিয়ারী চতুরে দেহ রেখে ক্ষতিপূরণের দাবি জানাতে থাকেন। পরে এলাকার বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তীও ঘটনাস্থলে যান। পরে মৃতের পরিবারের একজনকে চাকরির আশ্বাসে অবরোধ তুলে নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

জনবসতি এলাকায় হাতির হানা আটকাতে রাজ্য সরকার তাদের চলাচলের পথ বা করিডোরের পাশের গ্রামগুলিকে পরিখা দিয়ে ঘিরে দেওয়ার পরিকল্পনা নিয়েছে। পরিকল্পনা বাস্তবায়িত হলে জঙ্গল লাগোয়া গ্রামের বাসিন্দারা যেমন হাতির উপদ্রব থেকে অনেকখানি রেহাই পাবেন একইভাবে চাষের ক্ষেত্রে ওই খালের জলও ব্যবহার করা যাবে। প্রসঙ্গত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রশাসনিক বৈঠকে জঙ্গলমহলে হাতির উপদ্রব নিয়ে উষ্মা প্রকাশ করেন। সেই সঙ্গে হাতির হানায় জীবন ও সম্পত্তি হানা রূখতে এই পরিকল্পনা সম্পর্কে বন দফতরকে পরামর্শ দেন। তার পরেই তারা এব্যপারে উদ্যোগী হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ভারত- বাংলাদেশ টানাপোড়নের মধ্যেই আগামীকাল বঙ্গোপসাগরে ভারত ও বাংলাদেশে আটক মৎস্যজীবীদের বিনিময় হবে। বাংলাদেশ থেকে ভারতে ফিরবেন ৯৫ জন মৎস্যজীবী। অন্যদিকে ভারত থেকে বাংলাদেশে ফিরবেন ৯০ জন মৎস্যজীবী। আজ সকালে কাকদ্বীপ থেকে ১২ জন বাংলাদেশী মৎস্যজীবীকে হলদিয়া নিয়ে যাওয়া হচ্ছে।

অন্যদিকে পারাদ্বীপ থেকে ৭৮ জন বাংলাদেশী মৎস্যজীবী বঙ্গোপসাগরে নিয়ে যাওয়া হবে। সবমিলিয়ে ৯০ জন বাংলাদেশী মৎস্যজীবী দেশে ফিরবেন। বাংলাদেশ জেল থেকে ইতিমধ্যে মুক্তি পেয়েছে ৯৫ জন ভারতীয় মৎস্যজীবী। এই ভারতীয় মৎস্যজীবীদের অধিকাংশের বাড়ি কাকদ্বীপ, নামখানায়। গত অক্টোবর ও নভেম্বর মাসে বাংলাদেশ জল সীমানায় চুকে পড়ার অভিযোগে গ্রেফতার হয়। আটক করা হয় ৬ টি ট্রলার। ভারতীয় মৎস্যজীবীরা নিজেদের ট্রলার নিয়েই ফিরবেন।

প্রশাসন সূত্রে জানা গেছে, ৬ তারিখ গঙ্গাসাগরে তোলা হবে ভারতীয় মৎস্যজীবীদের। সেইসময় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গঙ্গাসাগরে থাকবেন। স্বত্ত্বতে ভারতীয় মৎস্যজীবীদের পরিবার।

০০০০০০০০০০০০০০০০

২০২৬ এর নির্বাচনের দিকে তাকিয়ে কেন্দ্রের বিজেপি ও রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার উভয়েই সীমান্ত দেখাচ্ছে বলে সিপিআইএম দাবি করেছে। দলীয় মুখ্যপত্র 'গণ শক্তি' র ৫৯-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে গতকাল সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম এই দাবি করে বলেন, মৌলবাদী শক্তি বাংলাদেশকে অশান্ত করছে। আর তা দেখিয়ে এদেশে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্টের চেষ্টা হচ্ছে। এখানে মুসলিম বিদ্রোহ ছড়ানোর পাশাপাশি ওই দেশে চলছে ভারত বিদ্রোহ। নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য বৃদ্ধি কেনো হচ্ছে পাশাপাশি শ্রমিকের আয় কমেছে, মানুষ কেনো বিচার পাচ্ছে না এই নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী কোনো কথা বলছেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার পার্ক সার্কাস ময়দানে শুরু হয়েছে মিলন উৎসব ২০২৫। গতকাল এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। তিনি বলেন, সারা বাংলা মিলন উৎসবের প্রাঞ্জন। সব ধর্মের মেলবন্ধনে বাংলার সংস্কৃতি। আর এই সংস্কৃতি ই মিলন উৎসব। এটাই বাংলার সংস্কৃতি বলে মন্তব্য করেন ফিরহাদ হাকিম।

ওপারে সংখ্যালঘুদের ওপর অত্যাচার, অন্যায় বলে তিনি মন্তব্য করে বলেন, যেহেতু বিষয়টি বিদেশ নীতি র অঙ্গর্গত সেজন্য এ নিয়ে কেন্দ্রীয় সরকারের নীতি মানতে হবে। সব সম্প্রদায়ের মানুষকে এই মিলনমেলায় অংশ নেয়ার আবেদন জানান মন্ত্রী ফিরহাদ হাকিম।

উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী জাতেদ আহমেদ খান, বাবুল সুপ্রিয়, সিদ্ধিকুল্লা চৌধুরী, কলকাতা পুর সভার মেয়র পরিষদ সদস্য আমির উদ্দিন ববি সহ সরকারি আধিকারিকেরা ও বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন।

পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম আয়োজিত এই মিলন উৎসব চলবে ৭ ই জানুয়ারি পর্যন্ত। মিলন উৎসবের এই মেলায় কেরিয়ার কাউন্সেলিং, স্বাস্থ্য

শিবির ,বিজ্ঞান প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। থাকছে হস্তশিল্প প্রদর্শনী ।

০০০০০০০০০০০০০০০০০০০

কাঁচামালের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির জেরে পাউরণ্টির দাম বাড়তে চলেছে। আগামীকাল (রবিবার) থেকে ৪০০ গ্রাম রুটির দাম ৩২ টাকা থেকে বেড়ে হবে ৩৬ টাকা। ২০০ গ্রাম রুটির দাম ১৮ টাকা এবং ১০০ গ্রামের দাম ৯ টাকা ৫০ পয়সা হবে। বেকারি সংগঠন জয়েন্ট অ্যাকশন কমিটির তরফে গতকাল এ কথা জানানো হয় ।

০০০০০০০০০০০০০০০০

অভিনেত্রী শোভা সেনের জন্ম শতবার্ষিকী উদযাপনের অন্তিম পর্বে এ মাসের ৮ তারিখ থেকে ২৬ শে ফেব্রুয়ারি পর্যন্ত একগুচ্ছ কর্মসূচি নেওয়া হয়েছে কলকাতায়। থাকছে তাঁর অভিনীত নাটকের পুনঃনির্মাণ ও কলকাতা দূরদর্শনের সৌজন্যে ভিডিও প্রদর্শনী। দেখানো হবে শোভা সেন অভিনীত চলচ্চিত্র ও - (ভগিনী নিবেদিতা, মা ও পদ্মা নদীর মাঝি ।)

একটি প্রতিবেদন-

( ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০